

শিষ্যত্বের বিকাশ

খ্রীষ্টীয় জীবনে অপরিহার্য বিষয় সমূহ
নেতার নির্দেশিকা

ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্ক পাঠ ৪: ঈশ্বরের অনুপম গুণাবলী

ভূমিকা

“ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্ক” নামক এই পাঠটি শিষ্যত্বের বিকাশ পাঠক্রমের একটি অংশ। এই ধারাবাহিক পাঠগুলি ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্কটি পরীক্ষা করে। খ্রীষ্টে আমাদের পরিচিতি উপলব্ধি করণ দ্বারা এর সূচনা হয় যা আমাদের ঈশ্বরের সন্তানে পরিণত হওয়ার একটি ফলশ্রুতি। এই ধারাবাহিক পাঠগুলি ঈশ্বরের গুণাবলীগুলির প্রতি, কীভাবে আমরা ঈশ্বর সম্পর্কে শিক্ষা লাভ করি এবং তাঁকে আরও উত্তমরূপে জানতে পারি, এবং কীভাবে আমরা এই ব্যক্তিগত সম্পর্ক বিকশিত করতে পারি সেই বিষয়গুলির প্রতি দৃষ্টিপাত করে। ঈশ্বরের দৃষ্টিতে নিজেদের উপলব্ধি করা, এবং ঈশ্বর প্রকৃতি সম্পর্কে একটি স্পষ্ট চিত্র লাভ করার বিষয়টি আমাদের জন্য ঈশ্বর কর্তৃক পরিকল্পিত একটি জীবন যাপন করতে আমাদের সাহায্য করবে।

আকাঙ্ক্ষিত শ্রোতা

এই পাঠগুলির ক্ষেত্রে নতুন বিশ্বাসীরা এবং যারা পরিব্রাজনের বিষয়ে কিছু জানতে চায় তারাই হল কাঙ্ক্ষিত শ্রোতা। যারা সুসমাচার প্রচার করা বা শিষ্য প্রস্তুত করার জন্য প্রস্তুতি নিচ্ছে তারা এই আলোচনা সমূহ থেকে বিশেষ লাভবান হতে পারে। এই পাঠ সমূহ ধরে নেয় যে শ্রোতার যীশুকে অনুসরণ করার সিদ্ধান্ত নিয়েছে এবং খ্রীষ্ট বিশ্বাসের বিষয়ে আরও কিছু জানতে ইচ্ছুক।

নেতৃবর্গের এই পথ প্রদর্শিকার উদ্দেশ্য হল নেতৃবর্গকে পাঠ প্রস্তুত করতে সাহায্য করা এবং তা শিষ্যত্বের বিকাশ শিক্ষাক্রমের অন্যান্য পাঠগুলির সঙ্গে একত্রে ব্যবহার করা যায় যা এই Web site -এ পাওয়া যাবে www.debengali.org.

বাইবেলের পদগুলি বাংলা পবিত্র বাইবেল (কেরী সংকলন) থেকে নেওয়া হয়েছে। কপিরাইট © দ্য বাইবেল সোসাইটি অফ ইন্ডিয়া, ২০৬ মহাত্মা গান্ধী রোড, ব্যাঙ্গালোর - ৫৬০ ০০১

এই সকল বিষয়বস্তু জগতের মানুষের কাছে প্রভু যীশু খ্রীষ্টের সুসমাচার প্রচারের উদ্দেশ্যে বিনামূল্যে যতদিন খুশি ব্যবহার করতে পারেন। সকল বিষয়বস্তুগুলির কপিরাইট ©2019Trans World Radio Canada -র অধীনস্থ। লাইসেন্সের বিষয়ে অধিক জানার জন্য দেখুন www.discipleshipessentials.org/licensing



ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্ক

পাঠ ৪: ঈশ্বরের অনুপম গুণাবলী

উদ্দেশ্য

ঈশ্বরের ৬টি গুরুত্বপূর্ণ গুণাবলী লক্ষ্য করা এই পাঠটির উদ্দেশ্য: সর্বত্র বিরাজমান, সর্বশক্তিমান, সর্বশ্রুত, অনন্তকালীন, পরিবর্তনাতীত, এবং অসীম।

নেতার নির্দেশিকা

এই পাঠটিতে ঈশ্বরের ৬টি মূখ্য গুণাবলীর বিষয় আলোচনা করা হয়েছে। এই বিষয়গুলি তাঁকে ‘ঈশ্বর’ হিসাবে বর্ণনা করে এবং আমাদের সৃষ্টিকর্তাকে তাঁর সৃষ্টির উর্দ্ধে স্থাপন করে। আপনার কয়েকজন অংশ গ্রহণকারীর কাছে এই শব্দগুলি জটিল ঈশতত্ত্ব সংক্রান্ত শব্দ বলে মনে হতে পারে, ঈশ্বর কে এবং কিভাবে তিনি কাজ করেন তা উপলব্ধি করার জন্য ঐ শব্দগুলি হচ্ছে গুরুত্বপূর্ণ এবং ভিত্তিমূলক। এই বৈশিষ্ট্যগুলি ঈশ্বর ছাড়া আর অন্য কারও নেই— শয়তান অথবা স্বর্গদূতগণ অথবা ভূত প্রেতগণের মধ্যেও নেই। এটি জানা কত অপূর্ব বিষয় যে, আমাদের বিনাশ করার উদ্দেশ্যে ঈশ্বর তাঁর ক্ষমতা ব্যবহার করেন না কিন্তু আমাদের প্রেম করার জন্য তিনি তাঁর ক্ষমতা ব্যবহার করেন! এই ঈশতত্ত্ব যদি আপনার দলের সদস্যদের কাছে নতুন হয় তবে এই পাঠটি চলাকালীন সময় নিন এবং তাদের জীবনে এই ব্যবহারিক জ্ঞানটি যে পার্থক্য তৈরী করতে পারে সেই বিষয়টি তাদের দেখতে সাহায্য করুন।

ভূমিকা

শ্রোতাদের প্রশ্ন করার জন্য নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে দু’তিনটি বেছে নিন।

- ❖ আমরা এমন এক ঈশ্বরের আরাধনা করি যিনি সমস্ত কিছু জানেন, এই সত্য তথ্যটি সম্পর্কে আপনি কিভাবে অনুভব করেন? এই বিষয়টি কি আপনার মধ্যে দুশ্চিন্তা, লজ্জা, আনন্দ অথবা সান্ত্বনা আনে?
- ❖ ঈশ্বরের আপনার কাছে নিজেকে প্রকাশ করার বিষয়টি কেন আপনার কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে হয়? কেন তিনি চান আমরা তাঁকে জানি? এই বিষয়টির উদ্দেশ্যে আমাদের সাড়া দান কি হওয়া উচিত?
- ❖ অধিকাংশ লোকেরা কি ঈশ্বরকে চারিত্রিক এবং আবেগ সম্পন্ন বৈশিষ্ট্যসহ একজন ব্যক্তিরূপে চিন্তা করেন অথবা তারা কি ঈশ্বরকে একটি শক্তি অথবা একটি নৈর্ব্যক্তিক সত্তারূপে চিন্তা করেন? কিভাবে আপনি ঈশ্বরের ব্যক্তিরূপের সঙ্গে সংযোগ করতে শুরু করতে পারেন?
- ❖ ঈশ্বরের কয়েকটি গুণাবলীর বিষয় চিন্তা করুন যা কেবল ঈশ্বরের মধ্যেই আছে। সেই গুণাবলীগুলি কি কি?

অধ্যয়ন

নিম্নলিখিত বিষয়গুলি দ্বারা শ্রোতাদের পরিচালিত করুন।

শিক্ষা

- ❖ **অংশগ্রহণসাহ্য এবং অংশগ্রহণ অসাহ্য গুণাবলী:** বাইবেলের পণ্ডিত এবং শিক্ষকগণ ঈশ্বরের গুণগুলিকে কয়েক সময় দুটি শ্রেণীতে পৃথক করেন:



➤ **বন্টনযোগ্য গুণাবলী:** ঈশ্বরের কিছু গুণাবলী আছে যা তাঁর সৃষ্ট সত্তাগুলি অংশগ্রহণ করতে পারে যেমন প্রেম, দয়া এবং পান্ডিত্য। আমরা যখন আরও অধিক রূপে মনুষ্যরূপী ঈশ্বর, যীশু খ্রীষ্টের মত হওয়ার জন্য আপ্রান চেষ্টা করি তখন আমরা এই গুণগুলি লাভ করতে চাই।

➤ **অবন্টিত গুণাবলী:** কেবল ঈশ্বরই এই গুণগুলির অধিকারী, এই গুণগুলি হচ্ছে:

❖ ঈশ্বর হচ্ছেন অনন্তকালীন, পরিবর্তনাতীত, এবং অসীম

➤ **অনন্তকালীন:** পবিত্র শাস্ত্রানুসারে, ঈশ্বরের কোন সূচনা এবং সমাপ্তি নেই। তাঁর সৃষ্টি, আমাদের একটি সূচনা আছে এবং সময়ের মধ্যে বেঁচে থাকি। ঈশ্বর এই সময়ের বাইরে বিদ্যমান এবং তিনি সময়ের দ্বারা আবদ্ধ নন অথবা তাঁর সূচনার কোনও প্রয়োজন নেই। (প্রকাশিত বাক্য ৪:৮, ২ পিতর ৩:৮, ১ তীমথিয় ১:১৭ ও ১ তীমথিয় ৬:১৬ পদ)।

➤ **পরিবর্তনাতীত:** ঈশ্বর কোনও ভাবেই পরিবর্তিত হন না। জগৎ সৃষ্টির প্রারম্ভে যিনি ছিলেন তিনি সময়ের শেষেও থাকবেন। তিনি সর্বদা একই থাকবেন। (মালখি ৩:৬, ইব্রীয় ১৩:৮ ও যাকোব ১:১৭ পদ)।

➤ **অসীম:** ঈশ্বরের কোনও সীমাক্রতা নেই। তাঁর আপন সত্তার বাইরে কিছুই নেই- নিখিল বিশ্বের কোনও নিয়ম, কোনও ব্যাপ্তি স্থান- তাঁকে অবরুদ্ধ করতে পারে না অথবা সঠিকভাবে বর্ণনা করতে পারে না। তাঁর অন্য সমস্ত গুণগুলি তাঁর অসীম প্রকৃতির দ্বারা প্রভাবিত হয়। তিনি অসীমভাবে মঙ্গলময়, অসীম পরাক্রমী, ইত্যাদি। (যিশাইয় ৪০:২৮, ১ রাজাবলি ৮:২৭, আদিপুস্তক ২১:৩৩, ২ বিবরণ ৩৩:২৭, প্রেরিত ৭:৪৮ ও গীতসংহিতা ৯০:২ পদ)।

❖ **ঈশ্বর সর্বত্র বিরাজমান:** এটি চিন্তা করার পক্ষে অবিশ্বাস্য যে, ঈশ্বর সর্ব সময় সর্বত্র থাকতে পারেন! এই সত্যটি হৃদয়ঙ্গম করা আমাদের পক্ষে কঠিন কিন্তু বাইবেল আমাদের স্পষ্টভাবে বলে যে, ঈশ্বর সর্বদা সর্বত্র বিরাজমান। গীতসংহিতা ১৩৯:৭-১০ পদে, দায়ূদ আমাদের বলেছেন যে, আমরা কখনও ঈশ্বরের উপস্থিতি থেকে পৃথকভাবে থাকতে পারি না!

➤ এটি উপলব্ধি করা গুরুত্বপূর্ণ বিষয় যে, আমরা ঈশ্বরের কাছ থেকে পলায়ন করতে পারি না! কোন কিছুই আমাদের তাঁর উপস্থিতি থেকে সরিয়ে দিতে পারে না। এটি আমাদের কাছে একটি সাক্ষ্যের বিষয় হওয়া উচিত। ঈশ্বর আমাদের এত প্রেম করেন যে, তিনি কখনও আমাদের তাঁর দৃষ্টির অন্তরালে যেতে দেন না! সমস্ত সৃষ্টির কোনও কিছুই ঈশ্বরের উপস্থিতির বাইরে নেই।

➤ গীতসংহিতা ১২৯:৭-১২ ও এবং যিরমিয় ২৩:২৪ পদ লক্ষ্য করুন।

❖ **ঈশ্বর সর্বশক্তিমান:** ঈশ্বর তাঁর ইচ্ছানুসারে যে কোন কাজ করতে পারেন। শাস্ত্রে তাঁকে সর্বশক্তিমান সদাপ্রভু হিসাবে উল্লেখ করা হয়েছে। ‘সর্বশক্তিমান’ শব্দটি আমাদের স্মরণ করিয়ে দেয় যে, ঈশ্বর যে কোনও কাজ করতে সক্ষম এবং কোনও কিছু তাঁর পথে বাধা সৃষ্টি করতে পারে না। তিনি সর্বদা তাঁর নিজের প্রকৃতি অনুসারে কাজ করবেন (সেই কারণে, তিনি সমস্ত কিছু করতে সক্ষম হলেও, তিনি পরিবর্তিত হন না অথবা মিথ্যা কথা বলেন না)। এই গুণটির দ্বারা কেবল ঈশ্বরের শক্তির উপর মনোনিবেশ করা হয়নি কিন্তু তাঁর প্রকৃতির সঙ্গে সঙ্গতিপূর্ণভাবে সিদ্ধতার সঙ্গে তাঁর সমস্ত কিছু করার সামর্থ্যের উপর মনোনিবেশ করা হয়েছে।

➤ ঈশ্বর সমস্ত কিছু করতে পারেন এবং তিনি যে আমাদের ভালোবাসেন এই বিষয় দুটির অবগতি কিভাবে আমাদের প্রার্থনা করা উচিত সেই বিষয়টিকে প্রভাবিত করে! কোনও কিছুই খুব একটা কঠিন বিষয় নয় সমস্ত কিছুই সম্ভব! আপনি এমন কোন প্রার্থনার অনুরোধ তাঁর কাছে আনতে



পারবেন না যা তাঁর সামর্থের বহির্ভূত। আমরা এক পরাক্রমী ঈশ্বরের সেবা করি এবং আরাধনা করি!

○ লুক ১:৩৭, ২ বংশাবলি ১৬:৯ ও মথি ১৯:২৬ পদ লক্ষ্য করুন।

❖ **ঈশ্বর সর্বজ্ঞ:** ঈশ্বর সব কিছু জানেন, কোনও কিছুই চিরকাল তাঁর কাছে গুপ্ত থাকে না। তাঁর সিদ্ধ জ্ঞান আছে। তাঁকে কখনও কোনও কিছু শিখতে হয় না এবং তিনি কখনও কিছু ভুলে যান না।

➤ ঈশ্বরের সমস্ত কিছু জানার বিষয়টি হৃদঙ্গম করা কঠিন কিন্তু তিনি যে আমাদের সমস্ত দুঃখ, সমস্ত ভয় এবং কাউকে বলতে না পারা আমাদের সমস্ত গোপন বিষয়গুলি জানেন এবং উপলব্ধি করতে পারেন, সেই বিষয়টি আমাদের কাছে একটি সান্ত্বনার বিষয় হওয়া উচিত। এই সমস্ত বিষয়গুলির মধ্যে ঈশ্বর আমাদের সঙ্গে থাকেন! এছাড়াও আমাদের চিন্তাভাবনা এবং অভিপ্রায়গুলির বিষয়ও আমাদের বিশেষভাবে লক্ষ্য রাখার কথা স্মরণ করিয়ে দিতে হবে। ঐ বিষয়গুলি আমাদের ঈশ্বরের সম্মুখে অনাবৃত অবস্থায় রাখতে হবে।

○ ১ যোহন ৩:২০, লুক ১২:৭, রোমীয় ১৬:২৭ ও ইব্রীয় ৪:১৩ পদ লক্ষ্য করুন।

আলোচনা

- ❖ আমরা ইতিমধ্যে যে গুণগুলি পরীক্ষা করেছিলাম তা কিভাবে ঈশ্বরের কাছে আমাদের প্রার্থনা করতে হবে সেই বিষয়টিকে প্রভাবিত করে? ঈশ্বর যদি আমাদের প্রয়োজনগুলি জেনে থাকেন তবে কেন আমরা অবিরত প্রার্থনা করব?
- ❖ ঈশ্বর তাদের ভালোবাসেন এবং তিনি যে তাদের সঙ্গে সম্পর্ক স্থাপন করতে চান, সেই বিষয়ে পুনরায় আশ্বস্ত করার জন্য আপনি কিভাবে আপনার অন্য ধর্মে বিশ্বাসী একজন বন্ধুর কাছে ঈশ্বরের উপরোক্ত গুণগুলি সহভাগিতা করতে পারেন?
- ❖ অবদিত অন্য কি কি ঈশ্বরের ওণের বিষয় আপনি চিন্তা করতে পারেন? *কেবল তিনিই এই গুণগুলির অধিকারী (পবিত্র, সার্বভৌম, স্ব-বিদ্যমান, ইত্যাদি)।*
- ❖ ঈশ্বরের ওণাবলী অবগত হওয়ার বিষয়টি কিভাবে আমাদের জীবনকে পরিবর্তিত করে? আপনি কিভাবে এই নতুন জ্ঞানের চর্চা করবেন?

প্রার্থনা

প্রার্থনা সহকারে সমাপ্ত করুন। পবিত্র শাস্ত্রের মাধ্যমে আমাদের কাছে নিজেকে প্রকাশ করার জন্য, তাঁর কখনও পরিবর্তিত না হওয়ার জন্য এবং কোন কিছুই তাঁর কাছ থেকে আমাদের পৃথক না করতে পারার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন। পরিবর্তনাতীত, পবিত্র এবং সিদ্ধ হওয়ার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন। ঈশ্বর ব্যতীত এই জগতের সমস্ত কিছু পরিবর্তিত হয়। তিনি আমাদের জানেন, তিনি সর্বশক্তিমান, এবং সর্বোপরি তিনি আমাদের ভালোবাসেন! এই বিষয়গুলির জন্য ঈশ্বরের প্রশংসা করুন এবং আপনার দলের সদস্যদের ঈশ্বরকে আরও অধিক জানার বিষয় আগ্রহী হওয়ার জন্য প্রার্থনা করুন। প্রার্থনা করুন এই জ্ঞান যেন হৃদয় এবং জীবনকে পরিবর্তিত করে।